

চবির কলা ভবনের ডিন কার্যালয়সহ ৫ কক্ষে তালা

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

কলা ও মানববিদ্যা অনুষদের ডিন অফিস কার্যালয়সহ প্রায় ৫ কক্ষের তালায় সুপার দু'লাগিয়ে দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার সকাল সাড়ে ৯টায় অফিস খোলার সময় বিষয়টি কর্তৃপক্ষের নজরে আসে। তবে কে বা কারা এ ঘটনার সাবে জড়িত তা

শনাক্ত করতে পারেনি পুলিশ। সরেজমিনে গিয়ে দেখা গেছে, কলা অনুষদের ডিন অফিসসহ নিচ তলার প্রায় ৫টি কক্ষের তালায় সুপার দু' আটা লাগিয়ে দিয়েছে দুর্বৃত্তরা। ধারণা করা হচ্ছে সোমবার রাতে অথবা মঙ্গলবার ভোরে ঘটনাটি ঘটে পারে। তবে ওই অনুষদের দায়িত্বরত নৈশপ্রহরীরা এ বিষয়ে কিছু বলতে পারেননি।

কলা ও মানববিদ্যা অনুষদের ডিন উ. ইমরান হোসেন সংবাদকে বলেন, সকালে প্রচীরঘাট হটির সদস্যদের উপস্থিতিতে তালা কাটা হয়। কারা এ ধরনের কাজ করেছে সে সম্পর্কে কিছু ধারণা করতে পারছি না।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সিরাজ-উদ-দৌল্লাহ জানান, তালা খুলে দেখা হয়েছে। কারা এ ধরনের কর্মকাণ্ডের সবে জড়িত তাদের বুজে বের করে শাস্তির ব্যবস্থা করা হবে। দায়িত্বরত পার্ভদের দায়িত্ব পালনে অবহেলার কারণে শোকভা করা হবে বলেও জানান তিনি।

চবি পুলিশ ফাঁড়ির অফিসার ইনচার্জ হমিদ উদ্দিন সংবাদকে বলেন, এ ঘটনায় তারা এখন পর্যন্ত কাউকে শনাক্ত করতে পারেননি। তবে অপরাধীকে শনাক্তের চেষ্টা চলছে বলেও জানান তিনি।

প্রসঙ্গত, গত মঙ্গলবার শারীরিক শিক্ষা বিভাগের খেলোয়ার কোটার ব্যবহারিক শেষে কলা ও মানববিদ্যা অনুষদে সাফাংকার হওয়ার কথা ছিল।